তারিখ ... 21 NOV 1995 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

০১

# বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের অক্টোবর মাসের বেতনের চেক হস্তান্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) শিক্ষক ও কর্মচারীদের অক্টোবর '৯৫ মাসের বেতন, ভাতার সরকারী অংশের টাকার চেক জনতা, অগ্রণী, সোনালী এবং রূপালী ব্যাংকের প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে আগামী ৭ ডিসেম্বর '৯৫-এর মধ্যে এই টাকা উত্তোলনের জন্য নিজ নিজ শাখা ব্যাংকের সাথে যোগাযোগ করতে পরামর্শ দেয়া হয়েছে।

উল্লেখ্য, যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা পূর্ব নির্ধারিত সময়সীমার মধ্যে গত জুন মাস হতে সেপ্টেম্বর '৯৫ মাসের টাকা উত্তোলন করতে পারেননি তাঁরা উল্লিখিত টাকা ৭ ডিসেম্বরের মধ্যে উত্তোলন করতে পারবেন।

সঙ্গত কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ইতোমধ্যে ১৯৯৪-৯৫ অর্থবছরের 'আবর্তক' মঞ্জুরির টাকা উত্তোলন করতে পারেনি সেসব প্রতিষ্ঠানকে এই টাকা আগামী ১৪ ডিসেম্বর '৯৫-এর মধ্যে তাদের নিজ নিজ শাখা ব্যাংক হতে সংগ্রহ করতে পরামর্শ দেয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।

১৫/.